দৈনিক বাংলা

তারিখ ... 23/10/78 ...
পৃষ্ঠা ... ... 4 কলাম 2 ... ...

008

# টেগোর লজ ফেরত নিয়ে মিউজিয়াম করার দাবী

বাংলাদেশ গণতান্ত্রিক যুব আন্দোলনের নেতৃবৃন্দ অবিলম্বে বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের অমর স্মৃতি বিজড়িত কুষ্টিয়াস্থ টেগোর লজটি তথাকথিত ক্রেতার কাছ থেকে ফিরিয়ে নিয়ে এটাকে টেগোর মিউজিয়ামে পরিণত করার দাবী জানিয়েছেন।

রোববার গণতান্ত্রিক যুব আন্দোলনের যুগ্ম আহ্বায়ক জনাব ইকবাল চৌধুরী ও স্টিয়ারিং কমিটির সদস্য সর্বজনাব শুভ রহমান, শামসুল হুদা, আবেদ খান ও ফখরুদ্দীন ইকবাল এক বিবৃতিতে এই দাবী জানান।

বিবৃতিতে তাঁরা বলেন : অমর শিল্পী, সাহিত্যিক কবি ও গুণী ব্যক্তিদের স্মৃতি বিজড়িত ও কীর্তির নিদর্শনগুলি আমাদের ঐতিহ্য ও সংস্কৃতির অমূল্য সম্পদ। যেকোন মূল্যে এগুলির সংরক্ষণ নিশ্চিত করা আমাদের অপরিহার্য দায়িত্ব। টেগোর লজও আমাদের সাংস্কৃতিক ইতিহাস ও জাতীয় ঐতিহ্যের এক অম্লান নিদর্শন। এই নিদর্শনকে বিক্রি করার অধিকার কারোনেই।

বিবৃতিতে তাঁরা এই সাথে কবিগুরুর ব্যবহার্য আসবাবপত্র এবং অন্যান্য খুঁটিনাটি জিনিস যা খোয়া গেছে তা পুনরুদ্ধারের দাবী জানান।